


খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

“স্পট নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাচ্ছে যে, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের আন্তঃজেলা বাস টার্মিনালের ০২ নং কাউন্টার ভবন যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় প্রকাশ্য স্পট নিলামে বিক্রয় করা হবে।

০২ নং কাউন্টারের অবস্থান ও বিবরণ	মালামাল সম্পর্কিত তথ্য		নিলামের স্থান, তারিখ ও সময়
	মালামালের বিবরণ	পরিমাণ (কম-বেশী)	
সোনাডাঙ্গা আন্তঃজেলা বাস টার্মিনাল। একতলা পাঁকা ইমারত	ইট রাবিশ কাঠ এম এস বার এম এস রড	৪২,০০০ টি ২,৬০০ ঘনফুট ১১০ ঘনফুট ৫৪০ কেজি ১১,৪০০ কেজি	কেডিএ আন্তঃজেলা বাস টার্মিনাল তারিখ ০৯/০৬/২২ বৃহস্পতিবার সময়- সকাল ১১ ঘটিকা।

- ১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ অফিস চলাকালীন সময় জনাব মোঃ আব্দুল্লাহ আল নাসির, প্রশাসনিক কর্মকর্তা, কেডিএ আন্তঃজেলা বাস টার্মিনাল এর দপ্তর হতে নিলাম ক্রয়ের জন্য বিস্তারিত তথ্য জেনে নিতে পারবেন এবং অফিস চলাকালীন সকাল ৯-০০ ঘটিকা হতে বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত সরেজমিনে বর্ণিত স্থান হতে মালামালগুলি দেখে নিতে পারবেন। নিলামের পর নিলাম ডাকে অংশগ্রহণকারীগণের এ বিষয়ে কোনরূপ আপত্তি গ্রহণ করা হবেনা।
- ২। কেডিএ'র অনুমোদন সাপেক্ষে যার ডাক অস্থায়ীভাবে গৃহীত হবে তাকে নিলামে সমুদয় অর্থ এককালীন ডাকস্থলে পরিশোধ করতে হবে। এছাড়া ও সরকার নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- ৩। কেডিএ কর্তৃক নিলাম ডাক অনুমোদন না হলে সর্বোচ্চ ডাককারী তার জমাকৃত টাকা ফেরত পাবেন।
- ৪। যে কোন ডাক গ্রহণ বা নাকচ করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৫। নিলাম ডাক গৃহীত হওয়ার তারিখ হতে ০৫ (পাঁচ) দিনের মধ্যে অবশ্যই নিলামকৃত ভবনটি সরিয়ে নিতে হবে। অন্যথায় নিলামকৃত ভবনটি পুনরায় নিলামে বিক্রয় করা হবে এবং জমাকৃত টাকা কেডিএ'র বরাবরে বাজেয়াপ্ত করা হবে।
- ৬। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে নিলামস্থানে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (ফেরতযোগ্য) জমা দিয়ে নিলামে অংশ গ্রহণ করতে হবে।



(প্রকৌশলী জি এম মাসুদুর রহমান)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চাঃ দাঃ)

ও

আহবায়ক নিলাম কমিটি

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা